# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ سين (সীন) [১১০]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

سين (সীন) - ১

سَ অচিরেই, অতিসত্বর, শীঘ্রই, দ্রুত, এখনি, তাড়াতাড়ি, এইমাত্র, শবেমাত্র, আশু, অনতিবিলম্বে ৭৮:৪

سأل > سَأَلَ [ف]، سُؤَالٌ জিজ্ঞাসা করা, জিজ্ঞেস করা, জানতে চাওয়া, প্রশ্ন করা, কৌতুহল প্রকাশ করা, চাওয়া, যাচনা করা, প্রার্থনা করা, আশা করা, কামনা করা, দাবি করা ৩৮:২৪

سُؤْلٌ দাবি, যাচনা, প্রার্থনীয়, চাহিদা, কাম্যবস্তু, দাবি ২০:৩৬

سَائِلٌ যাচনাকারী, প্রার্থী, ভিক্ষুক, প্রশ্নকারী, জিজ্ঞাসু, জিজ্ঞাসক, কৌতুহলী, অনুসন্ধিৎসু, দাবিদার ৭০:১

مَسْئُولٌ প্রার্থিত, কাম্য, জিজ্ঞাসিত, প্রশ্নের সম্মুখিন ১৭:৩৪

سأم > سَئَمَ [ف] অতিষ্ঠ হওয়া, ক্লান্ত হওয়া, বিরক্ত হওয়া, বিরাগভাজন হওয়া ২:২৮২

سبأ > سَبَأٌ ইয়ামনের সাবা সম্প্রদায়, সাবা শহর, সাবার অধিবাসী ২৭:২২

سبب > سَبَّ [ن] গালি দেওয়া, মন্দ বলা, গালমন্দ করা ৬:১০৮

سَبَبٌ ج أَسْبَابٌ উপায়, উপকরণ, মাধ্যম, রশি, দড়ি, রজ্জু ১৮:৮৫

سبت > سَبَتَ [ض]، سُبَاتًا বিশ্রাম করা, আরাম করা, শনিবারে উৎসব করা, শনিবারপালন করা ৭:১৬৩

سَبْتٌ جل سُبُوْتٌ শনিবার, বিশ্রামদিবস ২:৬৫

سبح > سَبَحَ [ف]، سَبْحًا কর্মব্যস্ত হওয়া, কাজে রত হওয়া, সন্তরণ করা, সাঁতার কাটা, অবিরত চলা, সন্তরণ ২১:৩৩

سَبَّحَ، تَسْبِيحٌ ‘সুবহানাল্লাহ’ বলা, তাসবীহ জপা, আল্লাহর গুণগান করা, ‘আল্লাহ পূতপবিত্র’ বলা, গুণকীর্তন করা, তাসবীহ পড়া, পবিত্রতা ঘোষণা করা, মহিমাকীর্তন করা, নামাজ পড়া ২৪:৪১

السَّابِحَاتِ দ্রুতচলমান, দ্রুতধাবমান, সন্তরণকারী ৭৯:৩

سُبْحَان মহিমাময়, পূতপবিত্র, অতিপবিত্র, নিষ্কলুষ, নিষ্কলুষতা বা পবিত্রতা ঘোষণা করা ২:৩২

الْمُسَبِّحُ তাসবীহ পাঠকারী, পবিত্রতা ঘোষণাকারী, গুণকীর্তনকারী ৩৭:১৬৬

سبط > سِبْطٌ و أَسْبَاطٌ নাতি-নাতনী, গোত্র, বংশ, ইহুদিজাতি ২:১৩৬

سبع > سَبْعٌ مث سَبْعَةٌ সাত, সপ্ত ২:২৯

سَبْعُونَ সত্তর, সপ্ততি ৬৯:৩২

سَبُعٌ جل سِبَاعٌ হিংস্র প্রাণী, বন্যপশু ৫:৩

أَسْبَغَ <سبغ পূর্ণ করে দেওয়া, ভরে দেওয়া, ভরপুর করে দেওয়া ৩১:২০

سَابِغَاتٍ و سَابِغَةٌ প্রশস্ত লৌহবর্ম ৩৪:১১

سَبَقَ [ض]، سَبْقًا <سبق অগ্রীম হওয়া, আগে হওয়া, অগ্রগামী হওয়া, অগ্রবর্তী হওয়া, অগ্রসর হওয়া, আগে যাওয়া, আগে বেড়ে যাওয়া ৭৯:৪

سَابَقَ، اسْتَبَقَ দৌড়ে চলা, দৌড়ে যাওয়া, দৌড়াদৌড়ি করা, তরা করা, প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা ৫৭:২১

سَابِقٌ ج، مث سَابِقَاتِ অগ্রগামী, অগ্রবর্তী, অগ্রসরমান, বিজয়ী ৩৫:৩২

مَسْبُوقٌ পশ্চাদ্বর্তী, পরাজিত ৫৬:৬০

سَبِيلٌ ج سُبُلٌ <سبل পথ, রাস্তা, সড়ক, সরণি, বীথি, পন্থা, উপায়, রাস্তাঘাট ৫:১২

سِتَّةِ <ستت ছয়, ষড়, ষষ্ঠ ৭:৫৪

سِتِّينَ ষাট, ষষ্টি ৫৮:৪

اسْتَتَرَ <ستر আবৃত করা, গোপন করা, আড়াল করা, লুকানো, আত্মগোপন করা ৪১:২২

سِتْرٌ جل أَسْتَارٌ আবরণ, পর্দা, যবনিকা, আচ্ছাদন, ঘোমটা ১৮:৯০

مَسْتُورًا আবৃত, গুপ্ত, আচ্ছাদিত, সুপ্ত ১৭:৪৫

سَجَدَ [ن]، السُّجُودِ <سجد সেজদা করা, মাথা নত করা, নামাজ পড়া, বন্দেগি করা, ইবাদত করা ২:৩৪

سَاجِدٌ ج سُجَّدٌ، سُجُودٌ সেজদাকারী, নামাজি, সেজদারত, মাথা নতকারী, নামাজ আদায়কারী, উপাসনাকারী, ইবাদতগুজার ৩৯:৯

مَسْجِدٌ ج مَسَاجِدُ মসজিদ, সিজদালয়, সিজদার স্থান, ইবাদতখানা ২:১৪৪

أَسْجَرَ، سَجَّرَ <سجر অগ্নিপূর্ণ করা, আগুন ধরানো, দাহ করা, অগ্নিসংযোগ করা, পোড়ানো, প্রজ্বলিত করা, পূর্ণ করা, ভর্তি করা, তরঙ্গায়িত করা, বন্যা বয়ে দেওয়া ৪০:৭২

مَسْجُورٌ অগ্নিময়, প্রজ্বলিত, অগ্নিপূর্ণ, জাহান্নামের অগ্নিগর্ভ, অশান্ত প্লাবন, উত্তাল ৫২:৬

السِّجِلُّ <سجل পুস্তিকা, দলীল, নথি ২১:১০৪

سِجِّيلٌ নাম লিখা পাথর, নথিকৃত প্রস্তরখণ্ড, কঙ্কর, পাথর ১১:৮২

سَجَنَ [ن] <سجن বন্দী রাখা, জেলে ঢোকানো, কারাগারে প্রেরণ করা ১২:৩৫

مَسْجُونٌ বন্দী, কয়েদি, আবদ্ধ ২৬:২৯

سِجْنٌ جل سُجُوْنٌ জেল, কারাগার, বন্দীশালা, কয়েদখানা, জেলখানা ১২:৩৩

سِجِّينٌ সিজ্জীন: পাপাত্মার বন্দীশালা, জাহান্নামের নিম্নতম স্থান ৮৩:৭

سجو< [ن] سَجَى অন্ধকার হওয়া, আঁধার হওয়া, অন্ধকারাচ্ছন্ন হওয়া, আবরিত হওয়া, ছেয়ে যাওয়া, ঢাকা পড়া, নিঝুম হওয়া, গভীর হওয়া ৯৩:২

سحب< [ف] سَحَبَ টেনে আনা, হেঁছড়ানো ৪০:৭১

Source — https://www.hadithbd.com/books/link/?id=10228

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন